

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ  
তথ্য ,সংস্কৃতি ও পর্যটন  
খুমলুঙ ,পশ্চিম ত্রিপুরা ।

=====

এডিসি।২৩৪

খুমলুঙস্থিত খেরেঙবার হাসপাতালে অপারেশন প্রক্রিয়া শুরু

খুমলুঙ,৬।৪।১০

স্বর্ন প্রভা দেববর্মা । বয়স ৩৭ । বাড়ী সদরের টাকারজলা অন্তর্গত উদয়কোবরা পাড়ায় । গৃহবধুর জরায়ুতে টিউমার হয়েছে । টিউমার হওয়ায় দীর্ঘদিন রোগে ভুগতে থাকেন । গতকাল স্বামী নব কিশোর দেববর্মাকে সঙ্গে নিয়ে মহিলা খুমলুঙস্থিত খেরেঙবার হাসপাতালের বহিঃবিভাগে চিকিৎসক দেখাতে আসে । চিকিৎসক মহিলার কাছ থেকে সব কিছু জানার পর তাকে হাসপাতালে ভর্তি হবার পরামর্শ দেন । চিকিৎসকের পরামর্শ মতো মহিলা হাসপাতালে ভর্তি হন । আজ খেরেঙবার হাসপাতালে অপারেশন থিয়েটারে মহিলাকে সকাল ১১টায় নিয়ে তোলা হয় । দুপুর সাড়ে বারটা নাগাদ মহিলার জরায়ু অপারেশন করে চিকিৎসকগণ টিউমারটি দেহ থেকে কেটে ফেলে দেন । এ হাসপাতালের প্রথম অপারেশন হওয়ার পর ও কোন ধরনের সমস্যা হয়নি বলে চিকিৎসকগণ জানান । অপারেশনের দায়িত্বে ছিলেন এডিসির স্বাস্থ্য বিভাগের অধিকর্তা তথা স্ত্রীরোগ বিশেষজ্ঞ নগেন্দ্র দেববর্মা ,ড: পার্থ দেববর্মা ,ড: রাসমোহন সরকার এবং ড: হাষিকেশ চৌধুরী । সফল অপারেশন হওয়ায় চিকিৎসকগণ সন্তোষ প্রকাশ করেন । আজ থেকে খেরেঙবার হাসপাতালে সব ধরনের অপারেশন করার কাজ আরম্ভ হয়েছে ।

এদিকে এডিসির মুখ্য নির্বাহী আধিকারিক কুমার আলোক আজ সকালে খেরেঙবার হাসপাতাল পরিদর্শন করেন । পরিদর্শন কালে তিনি অপারেশন থিয়েটারের বিভিন্ন কাজকর্ম সম্পর্কে অবহিত হন। এ হাসপাতালে অপারেশন প্রক্রিয়া আরম্ভ হওয়ায় জাতি উপজাতির অংশের জনগণ উপকৃত হবে ।